
# মাতামুহুরী সেচ প্রকল্প

# MATAMUHURI IRRIGATION PROJECT














রাবার ড্যাম, পেকুয়া

Rubber DAM, Pekua



## বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

## BANGLADESH WATER DEVELOPMENT BOARD


প্রকাশকাল ঃ অক্টোবর ২০১৮

www.bwdb.gov.bd

বাপাউবো.বাংলা

## অবস্থান

কক্সবাজার জেলার চকরিয়া ও পেকুয়া উপজেলা।

## এলাকা

১৪০০০ হেক্টর, ৫০০০ হেক্টর (নীট)

## পটভূমি

পূর্বে প্রকল্প এলাকায় প্রতি বৎসর প্রায় ৯,৮০০ হেক্টর এলাকায় সেচ সুবিধার অভাবে নিম্ন ফলনশীল ধান উৎপাদন করা হতো। শুস্ক মৌসুমে নির্মিত মাটির বাঁধ প্রতি বৎসর বর্ষার প্রারম্ভে অপসারন করতে হয় এবং পরের বছর পুনরায় অর্থ ব্যয় করে বাঁধ পূণঃনির্মাণ করতে হয়। সময়মত সরকারি বরাদ্দ প্রাপ্তিতে বিলম্বে সেচের জন্য প্রয়োজনীয় পরিমাণ পানি ধারন সম্ভব হবে না। তদপ্রেক্ষিতে নদীতে স্থায়ী অবকাঠামো নির্মাণপূর্বক শুষ্ক মৌসুমে সেচ সুবিধা নিশ্চিত করার ও স্থায়ী সমাধান প্রদানের লক্ষ্যে স্থানীয় জনসাধারণ, রাজনৈতিক ব্যক্তিবর্গ ও স্থানীয় প্রশাসন দীর্ঘদিন যাবৎ দাবী জানিয়ে আসছিল। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক ১৯৯৫-৯৬ সালে সম্পাদিত সম্ভাব্যতা সমীক্ষার সুপারিশের ভিত্তিতে ৮৯২৯.৩৫৭ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে "মাতামুহুরী সেচ প্রকল্প" নামে মূল পিসিপি প্রণীত হয় (মার্চ, ১৯৯৯)। প্রকল্পের উপকৃত এলাকা ২৭,৭৬৪ হেক্টর। বিগত ০৭/০৯/১৯৯৯ তারিখে প্রি-একনেক সভার সিদ্ধান্তের আলোকে বাংলাদেশ সরকারের অর্থায়নে এত ব্যয় বহুল প্রকল্পটি একই সঙ্গে বাস্তবায়ন করা সম্ভব নয় বিবেচনায় প্রাথমিক ভাবে একটি মাত্র রাবার ড্যাম এবং আনুসাঙ্গিক অবকাঠামো নির্মাণ কল্পে পাইলট প্রকল্পটি গ্রহণ করা হয়।

## লক্ষ্য ও উদ্দেশ্য

ক) প্রকল্পের আবাদকৃত এলাকা, জনসাধারণ ও তাহাদের জানমাল ও সহায় সম্পত্তি বন্যার কবল হতে রক্ষা করা।

খ) শুষ্ক মৌসুমে সেচ সুবিধা প্রদান করা।

গ) কৃষিক্ষেত্র ও মৎস্য সম্পদের উন্নয়ন সাধন করা এবং নিম্নে বর্ণিত ব্যবস্থাদি গ্রহণের মাধ্যমে খাদ্য উৎপাদন বৃদ্ধি করাঃ

- সমুদ্রের লোনা পানি প্রকল্প এলাকায় প্রবেশ রোধ করা।
- বন্যার কবল হতে ফসলের ক্ষয়ক্ষতি কমানো এবং আমন মৌসুমে সম্পূরক সেচের মাধ্যমে উচ্চ ফলনশীল ফসলের এলাকা ও উৎপাদন বৃদ্ধি করা।
- প্রাকৃতিক ও উন্নয়নকৃত খালভূক্ত ৫০০০ হেক্টর জমিতে পর্যায়ক্রমে সেচ সুবিধা প্রদান করা।

## বাস্তবায়নোত্তর সুফল

- প্রকল্প বাস্তবায়নের ফলে প্রায় ৫০০০ হেক্টর এলাকা সেচ সুবিধার আওতায় আনা সম্ভব হয়েছে।
- ১৪০০ হেক্টর এলাকা সম্পূর্ণ বন্যা নিয়ন্ত্রণ ও নিষ্কাশন সুবিধার আওতায় আনা সম্ভব হয়েছে।
- নিরীক্ষা অনুযায়ী প্রকল্প বাস্তবায়নের পূর্বে ফসলের নিবিড়তা ছিল ১৭৮.১২% প্রকল্পটি বাস্তবায়নের ফলে ফসলের নিবিড়তা পর্যায়ক্রমে ২০৫.৬০% এ উন্নীত হয়েছে।
- প্রকল্পটি বাস্তবায়নের ফলে উজানের মিঠা পানি ও ভাটির লোনা পানির মিশ্রণ বন্ধ হওয়ায় উজানে অর্থ্যাৎ প্রকল্প এলাকার ভিতরে মিঠা পানির সর্বোচ্চ সুবিধা নেওয়া যাচ্ছে এবং ভাটিতে লোনা পানির সর্বোচ্চ সুবিধা নিয়ে লবণ উৎপাদন করা যাচ্ছে।
- প্রকল্প বাস্তবায়নের ফলে জনগনের আর্থ সামাজিক অবস্থার উন্নয়ন, কৃষি ক্ষেত্রে কর্মসংস্থান বৃদ্ধি, লবন উৎপাদন, চিংড়ী চাষ, কৃষি ভিত্তিক ক্ষুদ্র ও কুটির শিল্প, মৎস্য উন্নয়ন, বনায়ন, ঘরবাড়ী, হাট বাজার, ব্যবসা বানিজ্য, যোগাযোগ, যানবাহন, এনজিওতে কর্মসংস্থান, ব্যাংক, শিক্ষা প্রতিষ্ঠান ইত্যাদি ক্ষেত্রে প্রভূত উন্নতি সাধিত হয়েছে।

### প্রকল্প বাস্তবায়নের পূর্ববর্তী এবং পরবর্তী গড় ফলন

| নং | ফসলের নাম | চাষযোগ্য এলাকা (হেঃ) | | মোট ফলন (মেঃ টন) | | মোট মূল্য (লক্ষ টাকায়) | |
|---|---|---|---|---|---|---|---|
| | | পূর্ববর্তী | পরবর্তী | পূর্ববর্তী | পরবর্তী | পূর্ববর্তী | পরবর্তী |
| ১ | টি, আউস (স্থানীয়) | ১৯৪ | - | ২৯১.০০ | - | ১৮.৭২ | - |
| ২ | বি, আউস (উফশী) | - | ৮৭৪ | - | ২,৬২২.০০ | - | ১৬৮.৬৪ |
| ৩ | টি, আউস (উফশী) | ৩৮০ | ১১৮ | ১,১৪০.০০ | ৪৭২.০০ | ৭৩.৩২ | ৩০.৩৬ |
| ৪ | টি, আমন (স্থানীয়) | ৮২৯ | ৫০৮ | ১,৬৫৮.০০ | ১,২৭০.০০ | ১০৬.৬৪ | ৮১.৬৯ |
| ৫ | টি, আমন (উফশী) | ১,০৪৭ | ৪,২২১ | ৩,৪০২.৮০ | ১৮,৯৯৫.০০ | ২১৮.৮৬ | ১,২২১.৭৩ |
| ৬ | বোরো (উফশী) | ৮৫২ | ২৫৪ | ২,৭৬৯.০০ | ১,৩৯৭.০০ | ১৭৮.১০ | ৮৯.৮৬ |
| ৭ | আঁখ | ৫৬৭ | ২৬৮ | ২২,৬৮০.০০ | ১০,৭২০.০০ | ২২৯.৫২ | ১০৮.৪৯ |
| ৮ | শাকসব্জী | ৪৮২ | ৮৬২ | ৩,৮৫৬.০০ | ১০,৩৪৪.০০ | ৫৩.৫৬ | ১৪৩.৬৮ |
| ৯ | অন্যান্য | ২৯৮ | ৭৩৯ | ৫৯৬.০০ | ২,৫৮৬.৫০ | ২৭.২৯ | ১১৮.৪৬ |
| | মোট | ৪,৬৪৯ | ৭,৮৪৪ | ৩৬,৩৯২.৮০ | ৪৮,৪০৬.৫০ | ৯০৬.০১ | ১,৯৬২.৯১ |

২০০৯ এর তথ্য অনুসারে

## এক নজরে প্রকল্প সার সংক্ষেপ

**১। প্রকল্পের অবস্থান ঃ** কক্সবাজার জেলার চকরিয়া ও পেকুয়া উপজেলা।

**২। প্রকল্পের ধরন ঃ** সেচ, নিষ্কাশন ও বন্যা নিয়ন্ত্রণ।

**৩। প্রকল্প এলাকা ঃ** ১৪০০০ হেক্টর

**৪। চাষযোগ্য জমি ঃ** ৫০০০ হেক্টর (নীট)

**৫। সেচযোগ্য জমি ঃ** ৩৮১৫ হেক্টর

**৬। প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ঃ** ২০৬২.২৭ লক্ষ টাকা

**৭। বাস্তবায়ন ব্যয় ঃ** ২০১২.৮৮ লক্ষ টাকা

**৮। অর্থায়ন ঃ** জিওবি

**৯। বাস্তবায়ন কাল ঃ** ক) ২০০০-২০০১ খ) ২০০৪-২০০৫

**১০। লাভ খরচের অনুপাত ঃ** ২.৪৫ : ১.০০

**১১। বার্ষিক রক্ষাণাবেক্ষণ ব্যয় ঃ** ২০.০০ লক্ষ টাকা

**১২। প্রধান অঙ্গ সমূহ ঃ**

ক) ভোলা খালের উপর পেকুয়া রাবার ড্যাম নির্মাণ (দৈর্ঘ্য = ৮৪.৪০ মিঃ) ঃ ১টি

খ) বিদ্যমান রেগুলেটর সমূহকে সেচ ইনলেট/ইনটেক হিসাবে রূপান্তর ঃ ৩টি

গ) খাল/সেচ নালার উন্নয়ন ঃ ২৫ কিঃমিঃ

ঘ) বিদ্যমান স্লুইচ সমূহের পূনর্বাসন ঃ ১০টি

ঙ) বিদ্যমান স্লুইচ সমূহের প্রতিস্থাপন ঃ ১টি

চ) নতুন নিষ্কাশন স্লুইচ নির্মাণ ঃ ২টি

ছ) খাল পূনঃখনন ঃ ৫ কিঃমিঃ জ) বিদ্যমান বাঁধ পূনরাকৃতিকরণ ঃ ১০ কিঃমিঃ

ঝ) বিকল্প বাঁধ পূণঃনির্মাণ ঃ ২.৮০ কিঃমিঃ

ঞ) শ্রীম্প/সল্ট ইনলেট নির্মাণ ঃ ৫টি

**১৩। সেচের পানির লেভেল ঃ**

সর্বোচ্চ/সর্বনিম্ন = +৩.০০মিঃ/ +২.০০ মিঃ (PWD)

**১৪। ফসলের নিবিড়তা ঃ**

ক) প্রকল্প বাস্তবায়নের পূর্বে ঃ ১৭৮.১২%

খ) প্রকল্প বাস্তবায়নের পরে ঃ ২০৫.৬০%

**১৫। ১২-১৩ সালে সেচ ঃ** ৪০০০ হেক্টর

**১৬। বার্ষিক গড় বর্ধিত ফসল উৎপাদন ঃ** ৪০৫৭৪ মেঃ টন

গড় বর্ধিত ফসলের মূল্য ঃ ৭৫০৬.১৯ লক্ষ টাকা

## প্রকল্পের মূল অবকাঠামো রাবার ড্যাম সংক্রান্ত তথ্যাবলী

| | |
|---|---|
| অবস্থান | ঃ পেকুয়া উপজেলার পেকুয়া নামক স্থানে ভোলা খাল |
| দৈর্ঘ্য | ঃ ৮৪.৪০ মিটার |
| নির্মাণ কাল | ঃ ২০০২-২০০৩ |
| অঙ্গ সমূহ | ঃ ক) কনক্রিট বেস স্ল্যাব<br>খ) রাবার ব্যাগ(এক ইউনিট)<br>গ) ফুট ব্রীজ<br>ঘ) পাম্প হাউস |
| রাবার ব্যাগের উচ্চতা | ঃ ৪.০০ মিটার |
| সীল লেভেল | ঃ (-) ১.০০ মিঃ (PWD) |
| রাবার ব্যাগের টপ লেভেল | ঃ (+) ৩.০০ মিঃ (PWD) |
| রিটেনশন লেভেল | ঃ (+) ২.৭০ মিঃ (PWD) |
| মোট প্রাক্কলিত ব্যয় | ঃ ৯২০.০০ লক্ষ টাকা |